# মো: আব্দুস সাত্তার, মহাপরিচালক (অবঃ), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

স্বনামধন্য কৃষি প্রকৌশলী জনাব মো: আব্দুস সাত্তার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক হিসেবে বিগত ০৯ ডিসেম্বর ২০০৪ থেকে ২৬ জুন ২০০৫খ্রি. তারিখ পর্যন্ত অত্যন্ত সুনামের সাথে দায়িত্ব পালন করেন। মহাপরিচালক পদে যোগদানের পূর্বে তিনি ৩০ জুন ২০০৪খ্রি. থেকে ০৮ ডিসেম্বর ২০০৪খ্রি. পর্যন্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব) হিসেবে কর্মরত ছিলেন। বারি'র মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালনের পরে তিনি বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক হিসেবেও দায়িত্ব পালন করেন।

জনাব মো: আব্দুস সাত্তার ১৯৭৫ সালে সরকারী কর্মকর্তা হিসেবে কৃষি প্রকৌশল বিভাগ, কৃষি অধিদপ্তর (গবেষণা ও শিক্ষা) অধীনে "বৈজ্ঞানিক কর্মকর্তা" পদে যোগদান করেন। এরপর তিনি ১৭ মার্চ ১৯৭৬ সালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এ উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষি প্রকৌশল) হিসেবে যোগদান করেন। পরবর্তীতে তিনি নিয়মিতভাবে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (১৯৯৩), মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (১৯৯৫), পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং (১৯৯৯) এবং মহাপরিচালক পদে (২০০৪) পদোন্নতি প্রাপ্ত হন। প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এ দায়িত্ব পালন কালে তিনি বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে ২০টি "বারি প্রযুক্তি পল্লী" গঠন করেন। এইসব প্রযুক্তি পল্লীর মাধ্যমে তিনি বারির উদ্ভাবিত বিভিন্ন ফসলের উন্নত জাত ও প্রযুক্তি এবং উন্নত কৃষি যন্ত্রপাতি কৃষকের মাঝে সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করেন। এছাড়াও মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালনকালে তিনি বিভিন্ন বিশ্ববিদ্যালয় যেমন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়-এর সিন্ডিকেট মেম্বার হিসেবে কৃষি শিক্ষা উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।

জনাব মো: আব্দুস সাত্তার ১৯৬৫ সালে ঢাকা বোর্ড থেকে ১ম বিভাগে এসএসসি এবং তৎকালীন পূর্ব পাকিস্থান কৃষি বিশ্ববিদ্যালয় থেকে বেসিক সাইন্সে (এইচএসসি সমমান) ১ম বিভাগে উত্তীর্ণ হন। ১৯৭৩ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সাথে কৃষি প্রকৌশল বিষয়ে অনার্স ডিগ্রী অর্জন করেন। অতপর তিনি কানাডিয়ান শিক্ষা বৃত্তি নিয়ে GB Pant University of Agriculture and Technology, Pantnagar, UP, India থেকে কৃষি প্রকৌশল বিষয়ে M.Tech সম্পন্ন করেন। এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে তিনি মটর ডাল শুকানো এবং ভাঙ্গানোর জন্য স্বল্প-খরচ সম্পন্ন যন্ত্র উদ্ভাবন করেছিলেন। ভারতের কৃষকদের নিকট এই মেশিনটি খুবই জনপ্রিয় ছিল। উল্লেখ্য যে, তিনি কানাডিয়ান স্কলারশিপ নিয়ে কানাডাতে পিএইচডি সম্পন্ন করতে গিয়েছিলেন কিন্তু তা অসম্পন্ন রেখেই তৎকালীন সরকারে ডাকে আবার অফিসে যোগদান করেন। দেশি-বিদেশি বিভিন্ন সায়েন্টিফিক জার্নাল ও ম্যাগাজিনে তাঁর অনেক গবেষণা নিবন্ধ/পপুলার প্রবন্ধ প্রকাশিত হয়েছে। এছাড়াও তিনি মাসিক ম্যাগাজিনে নিয়মিতভাবে বিজ্ঞান গবেষণা বিষয়ক বিভিন্ন নিবন্ধ প্রকাশ করেছেন। দেশি-বিদেশি বিভিন্ন গবেষণা প্রকল্পে তিনি প্রধান গবেষক হিসেবে অত্যন্ত সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন। তিনি বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ এবং সিম্পোজিয়ামে যোগদানের উদ্দেশ্যে ভারত, নেপাল, পাকিস্তান, চীন, থাইল্যান্ড, ইংল্যান্ড, ফ্রান্স ও কানাডা ভ্রমন করেন।

এ স্বনামখ্যাত বিজ্ঞানী ১৯৪৮ সালের ১৬ ডিসেম্বর শেরপুর জেলার নকলা উপজেলার লাভা গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে জনাব মো: আব্দুস সাত্তার ০৪ সন্তানের (২ ছেলে ও ২ মেয়ে) জনক।